



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

‘মার্কেটিং বিভাগের নবীনবরণ ২০১৮’ অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের নবীনবরণ-২০১৮ ৩ এপ্রিল ২০১৮, মঙ্গলবার, ১০.৩০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মার্কেটিং বিভাগের চেয়ারম্যানের অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শওকত জাহাঙ্গীর। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক এবং ইভেনিং এমবিএর-এর প্রোগ্রাম ডিরেক্টর মো. জহির উদ্দিন আরিফ।

এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, রেজিস্ট্রার, বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থী, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে বিভাগীয় শিক্ষার্থীদের উদ্যোগে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।